



NEWS
NETWORK

working for
social change and
empowering people



বার্ষিক প্রতিবেদন

২০১৯-২০

জুলাই ২০১৯ থেকে জুন ২০২০

“বাংলাদেশের নারী ও বালিকাদের অধিকার সুরক্ষাকারীদের সহায়তা প্রদান প্রকল্প”

কর্মএলাকা : নীলফামারী, লালমনিরহাট ও কুড়িগ্রাম জেলা।



সহযোগীতায়ঃ ইউরোপীয় ইউনিয়ন।

বাস্তবায়নেঃ উদয়াকুর সেবা সংস্থা (ইউএসএস) ও নিউজ নেটওয়ার্ক (এনএন)।

বার্ষিক প্রতিবেদন

“বাংলাদেশের নারী ও বালিকাদের অধিকার সুরক্ষাকারীদের সহায়তা প্রদান”

(Supporting Human Rights Defenders Working for Women's and girls' Rights in Bangladesh)

প্রকল্পের মেয়াদকালঃ ১ জানুয়ারী ২০১৮ থেকে ৩১ ডিসেম্বর ২০২০

প্রতিবেদন সময়কালঃ ১ জানুয়ারী ২০১৯ থেকে ৩১ ডিসেম্বর ২০১৯

প্রকল্পের কর্মএলাকাঃ নীলফামারী, লালমনিরহাট ও কুড়িগ্রাম জেলা।

প্রকল্পের সামগ্রিক উদ্দেশ্য :

- প্রকল্পের সামগ্রিক উদ্দেশ্যে হচ্ছে, বাংলাদেশের নারী ও মেয়েদের অধিকারের জন্য কর্মরত নারী/মানবাধিকার সুরক্ষাকারীদের (Women/Human Rights Defenders–W/HRDS) সহায়তা প্রদান।

প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যঃ

- মানবাধিকার ও মৌলিক অধিকার সুরক্ষায় এবং এর পক্ষে প্রচারণায় নারী মানবাধিকার রক্ষাকর্মী/মানবাধিকার সুরক্ষাকারীদের ভূমিকার স্বীকৃতি দেওয়া ও তাদের কার্যক্রম তুলে ধরা এবং এক্ষেত্রে তারা যে ধরনের চ্যালেঞ্জ, ঝুঁকি ও হুমকির মুখে পড়তে পারে সেসব থেকে তাদের সুরক্ষা করা;
- নারী ও মেয়েরা যাতে তাদের অধিকারসমূহ পরিপূর্ণভাবে ভোগ করতে পারে সে জন্য নারীর মানবাধিকার সুরক্ষাকারীরা প্রচারণা ও সুরক্ষামূলক কাজ করে বিধায় ঝুঁকিতে থাকলে তাদের সহায়তা ও সুরক্ষা প্রদান;

পটভূমিঃ উদয়াকুর সেবা সংস্থা (ইউএসএস) নীলফামারী জেলায় কর্মরত একটি বেসরকারী সামাজিক সেবা মূলক উন্নয়ন সংস্থা। প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠা লগ্ন থেকেই মানব সম্পদ উন্নয়ন, দারিদ্র বিমোচন ও মানবাধিকার প্রতিষ্ঠায় জাতীয় ও আন্তর্জাতিক সমমনা সংগঠনের সহযোগিতায় কাজ করে যাচ্ছে। ইউএসএস স্বপ্ন দেখে দারিদ্র ও বৈষম্যহীন এমন একটি গণতান্ত্রিক সমাজ, যেখানে প্রতিটি মানুষ স্বাধীন, দৃঢ়চেতা, আত্মনির্ভরশীল, গণতান্ত্রিক আচরণ ও মূল্যবোধ সম্পন্ন নাগরিক, তারা দেশ ও সমাজের প্রয়োজনে দায়িত্বশীল ভূমিকা পালন করতে পারবেন। সকলের সম্মিলিত প্রচেষ্টায় একটি সমাজ ব্যবস্থা গড়ে উঠবে যেখানে সকল নাগরিক মর্যাদার সাথে সমতা ও মানবাধিকার নিয়ে বসবাস করছে। এমন একটি সমাজ গড়ার প্রত্যয় নিয়ে ইউএসএস কাজ করছে।

ভূমিকাঃ সমাজ ও সভ্যতার ক্রমবিকাশে নারীর ভূমিকা ও অবদান অবিস্মরণীয়, দেশের জনসংখ্যার অর্ধেক নারী, এই নারীদের বাদ দিয়ে উন্নয়ন সম্ভব নয়। সংবিধান অনুযায়ী রাষ্ট্রের নাগরিক হিসেবে নারী-পুরুষে বৈষম্য করার কোনো সুযোগ না থাকলেও পুরুষতান্ত্রিক দৃষ্টিভঙ্গি, ধর্মীয় ও সামাজিক কুসংস্কার, সমাজের নানা বঞ্চনা, অজ্ঞতা এবং পারিবারিক সহিংসতার শিকার হয়ে নানা ভাবে পিছিয়ে আছে বাংলাদেশের নারী ও বালিকারা। সমাজের একটি সচেতন অংশ নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে এবং নারী ও মেয়েদের অধিকার সুরক্ষায় সোচ্চার রয়েছেন। সমাজে মানবাধিকার প্রতিষ্ঠা ও সুরক্ষায় সোচ্চার এই অগ্রগামী জনগোষ্ঠীর মধ্যে রয়েছে মানবাধিকার কর্মী, সাংবাদিক, ধর্মীয় নেতা, উন্নয়ন কর্মী ও সুশীল সমাজের প্রতিনিধি, এই সকল মানবাধিকার সুরক্ষা কর্মীদের সক্ষমতা বৃদ্ধি ও সহায়তা প্রদানে ইউএসএস বিভিন্ন উন্নয়ন কর্মসূচী বাস্তবায়ন করছে।

নিউজ নেটওয়ার্ক ঢাকা ও উদয়াকুর সেবা সংস্থা (ইউএসএস), ইউরোপীয় ইউনিয়নের সহযোগিতায় ১ জানুয়ারী ২০১৮ থেকে বাংলাদেশে নারী ও বালিকাদের অধিকার সুরক্ষাকারীদের সহায়তা বিষয়ক প্রকল্প বাস্তবায়ন করছে, বাংলাদেশের ৮টি জেলায় যৌথ ভাবে প্রকল্পটি বাস্তবায়ন করা হলেও ইউএসএস উত্তরাঞ্চলের নীলফামারী, লালমনিরহাট ও কুড়িগ্রাম এই ৩ জেলায় প্রকল্পটি প্রত্যক্ষভাবে বাস্তবায়ন করছে।

২০১৯ সালে প্রকল্পের বাস্তবায়িত কার্যক্রম সমূহঃ

- জেলা পর্যায়ে মাসিক ককাস্ (By monthly District Level Caucus) মিটিং
- সাংবাদিকতায় নিরাপত্তা, ঝুঁকি চিহ্নিত করণ ও দায়মুক্তি বিষয়ক প্রশিক্ষণ প্রদান।
- কেন্দ্রীয় ককাস্ সম্মেলনে জেলা প্রতিনিধিদের অংশগ্রহণ।

জেলা ভিত্তিক বাস্তবায়িত কার্যক্রম, অধিকারভোগীর সংখ্যা ও বাজেট বিবরণীঃ

Activities Name	Event places	Date	Respected Participant	Attend Participant			Activity Budget	Expand	%
				Male	Female	Total			
Training to the rural W/HRDs on risk analysis & security planning	Nilphamari	Batch-1; 12-16 Oct 2019	25	24	1	25	453364	354051	78.09
		Batch-2; 17-21 Oct 2019	25	22	3	25			
		Batch-3; 22-23 Oct 2019	10	8	1	09			
	Lalmonirhat	Batch-1; 02-06 Nov 2019	25	22	3	25	453364	354051	78.09
		Batch-2; 07-11 Nov 2019	25	25	0	25			
		Batch-3; 12-13 Nov 2019	10	10	0	10			
	Kurigram	Batch-1; 23-27 Nov 2019	25	25	0	25	453364	354051	78.09
		Batch-2; 28 Nov-02 Dec 2019	25	24	1	25			
		03-04 Dec 2019	10	11	0	11			
Training on women's & girls' rights & international law standards	Kurigram	(25 each batch x 4 batches)	100	76	24	100	480000	478925	

Activities Name	Event places/ Venue	District Level Caucus Meeting		SL. NO	Respected Participant	Present Participant	Meeting Date	Activity Budget	Expend
		Target	Achieve						
By Monthly DLC-EC Meeting	Probin Sangho, Kurigram	7	6	01	07	06	24.08.2019	19119	15980
				02	07	07	19.09.2019		
				03	07	05	30.10.2019		
				04	07	06	21.11.2019		
				05	07	06	13.12.2019		
				06	07	07	22.06.2020		
	USS. Nilphamari	7	6	01	07	07	26.08.2019	19119	16060
				02	07	06	26.09.2018		
				03	07	07	10.10.2019		
				04	07	07	29.11.2019		
				05	07	05	11.12.2019		
				06	07	06	25.06.2020		
	Lalmonirhat Bartta	7	6	01	07	06	24.08.2019	19119	16235
				02	07	07	23.09.2019		
				03	07	07	27.10.2019		
				04	07	06	30.11.2019		
				05	07	07	14.12.2019		
				06	07	07	23.06.2020		
								57357	48275
Participated Annual Central Caucus conference	Jashore	9	9	1	9	9	23.12.2019	News Network	

Head of Budget	Allocate Budget	Budget Expand	Blance
Staff Cost	1116770	1116770	0
Office admistative cost	129634	129634	0
Programe Cost	1753563	1680944	72619
Total	2999967	2927348	72619

সাংবাদিকদের নিরাপত্তা, ঝুঁকি চিহ্নিতকরণ, নিরাপত্তা পরিকল্পনা প্রণয়ন ও দায়মুক্তি বিষয়ক প্রশিক্ষণঃ

❖ নীলফামারী জেলাঃ-

- প্রকল্পের অধিকার ভোগীদের দক্ষতা ও সক্ষমতা উন্নয়নে এবং দেশে নারী অধিকার প্রতিষ্ঠায় সুরক্ষাকারী হিসেবে কাজ করছে সাংবাদিকরা। এসব সুরক্ষাকারীর নিরাপত্তা, ঝুঁকি চিহ্নিত, নিরাপত্তা পরিকল্পনা প্রণয়ন ও দায়মুক্তির কৌশলের বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করা হয়। ইউএসএস ও নিউজ নেটওয়ার্ক নীলফামারী জেলায় সাংবাদিকদের নিরাপত্তা, ঝুঁকি চিহ্নিতকরণ, নিরাপত্তা পরিকল্পনা প্রণয়ন ও দায়মুক্তি বিষয়ে পাঁচ দিন মেয়াদী ২ ব্যাচে ৫০ জন সাংবাদিক ও ২ দিন মেয়াদী ১০ জন স্থানীয় পত্রিকার সম্পাদকসহ জেলায় মোট ৬০ জন সাংবাদিককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ১২ অক্টোবর ২০১৯ থেকে ২৩ অক্টোবর ২০১৯ পর্যন্ত আয়োজিত এই প্রশিক্ষণটি ডেনিশ বাংলাদেশ লেপ্রসি মিশন মিলনায়তনে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণের প্রথম ব্যাচ ১২ অক্টোবর ২০১৯ উদ্বোধনী পর্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার মোছা. এলিনা আকতার। উদ্বোধনী অনুষ্ঠানে ইউএসএস এর নির্বাহী পরিচালক আলাউদ্দিন আলীর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, বাংলাদেশ হিউম্যান রাইটস ডিফেন্ডার্স ফোরামের সভাপতি সরোয়ার মানিক, জেলা মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ফরিদা খানম। ১৬ অক্টোবর ২০১৯ প্রথম ব্যাচের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে অংশগ্রহণকারীদের মাঝে সনদপত্র বিতরণ করেন জনাব মোঃ হাফিজুর রহমান চৌধুরী জেলা প্রশাসক নীলফামারী। ১৭ অক্টোবর ২০১৯ দ্বিতীয় ব্যাচের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মামুন অর রশিদ, জেলা তথ্য অফিসার, নীলফামারী। ২১ অক্টোবর ২০১৯ সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে অংশগ্রহণকারীদের মাঝে সনদপত্র বিতরণ করেন জনাব, আশরাফ হোসেন, পুলিশ সুপার, নীলফামারী।

❖ লালমনির হাট জেলাঃ-

- লালমনির হাটে সাংবাদিকদের নিরাপত্তা, ঝুঁকি চিহ্নিত করণ, নিরাপত্তা পরিকল্পনা প্রণয়ন ও দায়মুক্তি বিষয়ে পাঁচ দিনের প্রশিক্ষণ শুরু হয় ২ নভেম্বর নতুন জীবন রচি (নজীর) প্রশিক্ষণ মিলনায়তনে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণের উদ্বোধন করেন, লালমনিরহাট জেলা পরিষদ চেয়ারম্যান, এ্যাডভোকেট মতিয়ার রহমান, উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ রফিকুল ইসলাম, লালমনিরহাট সদর উপজেলা চেয়ারম্যান মোঃ কামরুজ্জামান সূজন, প্রবীন সাংবাদিক গোকুল চন্দ্র রায়। নারী নেত্রী বিএইচআরডিএফ এর সহসভাপতি, এ্যাডভোকেট আঞ্জুমান আরা শাপলা ও সাধারণ সম্পাদক, নিশিকান্ত রায়। নিউজ নেটওয়ার্ক রংপুর প্রতিনিধি মোঃ সদরুল আলম দুলু। বাংলাদেশ হিউম্যান রাইটস ডিফেন্ডার্স ফোরাম (বিএইচআরডিএফ) লালমনিরহাট জেলা সভাপতি গেরিলা লিডার ড. এসএম শফিকুল ইসলাম (কানু) এর সভাপতিত্বে অনুষ্ঠিত প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইউএসএস এর নির্বাহী পরিচালক আলাউদ্দিন আলী, প্রথম পর্বের এই প্রশিক্ষণে স্থানীয় ও জাতীয় দৈনিক পত্রিকা ও মিডিয়ার ২৫ জন সাংবাদিক অংশগ্রহণ করেন। তিন ধাপে জেলার ৫০জন সাংবাদিক ও প্রকাশনার সাথে যুক্ত এডিটর, নিউজ এডিটর ১০ জনসহ মোট ৬০ জন মিডিয়া কর্মী অংশগ্রহণ করেন।

৬ নভেম্বর নজীর সংস্থার হল রুমে ৫ দিনব্যাপী প্রশিক্ষণ শেষে সনদ বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা প্রশাসক আবু জাফর। বিশেষ অতিথি ছিলেন চেম্বার অব কর্মাস এর সভাপতি সিরাজুল হক, জেলা তথ্য অফিসার আতিকুর রহমান শাহ। ড. এসএম শফিকুল ইসলাম কানু। বক্তব্য রাখেন, নিউজ নেটওয়ার্কের প্রোগ্রাম স্পেশালিস্ট এ্যাড. রেজাউল করিম, স্থানীয় বেসরকারি সংস্থা 'নতুন জীবন রচি' (নজীর) এর নির্বাহী পরিচালক বীর মুক্তিযোদ্ধা নুরুল হক সরকার। আলোচনা শেষে সাংবাদিকদের মাঝে সনদপত্র বিতরণ করেন জেলা প্রশাসক মোঃ আবু জাফর।

- ০৭ নভেম্বর দ্বিতীয় পর্যায়ের সাংবাদিকদের ৫ দিনব্যাপী প্রশিক্ষণ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন লালমনিরহাট মজিদা খাতুন সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর কাজী শফিকুর রহমান, বিশেষ অতিথি ছিলেন সদর থানা ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা মাহফুজ আলম, বিশিষ্ট কবি, সাহিত্যিক ও সমাজসেবী ফেরদৌসি বেগম বিউটি, নতুন জীবন রচি (নজীর) এর নির্বাহী পরিচালক বীর মুক্তিযোদ্ধা নুরুল হক সরকার। সভাপতিত্ব করেন ডিএলসি সভাপতি গেরিলা লিডার ড. এসএম শফিকুল ইসলাম কানু। প্রশিক্ষণের শুরুতে পরিচিতি শেষে স্বাগত বক্তব্য রাখেন নিউজ নেটওয়ার্ক এর প্রোগ্রাম স্পেশালিস্ট এ্যাড. রেজাউল করিম প্রশিক্ষণের উদ্দেশ্য ব্যাখ্যা করেন। প্রথম দিনে সাংবাদিকতার নৈতিকতা, দায়িত্ব ও কর্তব্য সাংবাদিকতার মৌলিক মূল্যবোধ, সাংবাদিকতার

ক্রমবর্ধমান ঝুঁকি চিহ্নিতকরণ, মূল্যায়ন ও নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয় নিয়ে আলোচনা করা হয়। দ্বিতীয় পর্যায়ের এই ৫ দিনব্যাপী অনুষ্ঠিতব্য প্রশিক্ষণে জেলার ৫টি উপজেলা থেকে প্রিন্ট ও ইলেকট্রিক মিডিয়ার ২৫ জন সাংবাদিক অংশগ্রহণ করেন।

- ১১ নভেম্বর ২০১৯ দ্বিতীয় পর্যায়ের ৫ দিনব্যাপী প্রশিক্ষণ শেষে সনদ বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পুলিশ সুপার এস.এম রশিদুল হক (পিপিএম-সেবা)। বিশেষ অতিথি ছিলেন নিউজ নেটওয়ার্কের প্রধান নির্বাহী শহীদুজ্জামান, ইউএসএস এর নির্বাহী পরিচালক আলা উদ্দিন আলী, সদর উপজেলা নির্বাহী অফিসার জয়শ্রী রানী রায়, বিশিষ্ট ব্যবসায়ী ও ডায়বেটিক সমিতি লালমনিরহাট এর সভাপতি এস.এ হামিদ বাবু, সাহিত্যিক ও সমাজসেবী ফেরদৌসি বেগম বিউটি। সভাপতিত্ব করেন, ডিএলসি সভাপতি গেরিলা লিডার ড. এস.এম শফিকুল ইসলাম কানু। প্রশিক্ষণে অংশ গ্রহনকারী সাংবাদিকদের মাঝে সনদপত্র বিতরণ করেন পুলিশ সুপার এস.এম রশিদুল হক (পিপিএম-সেবা)।

❖ কুড়িগ্রাম জেলাঃ-

- ২৩ নভেম্বর ২০১৯ কুড়িগ্রাম জেলা পরিষদ মিলনায়নে সাংবাদিকদের নিরাপত্তা: ঝুঁকি চিহ্নিতকরণ, নিরাপত্তা পরিকল্পনা প্রণয়ন ও দায়মুক্তি বিষয়ক প্রথম ব্যচের প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মোশফেকা রাজ্জাক, সভাপতি কেন্দ্রীয় ককাস, নিউজ নেটওয়ার্ক এর রংপুর ফিল্ড কো-অরডিনেটর মাসুমা ইউছুব, প্রতিনিধি সদরুল আলম দুলা, কুড়িগ্রাম জেলা ককাসের নির্বাহী কমিটির সকল সদস্য উপস্থিত ছিলেন। ২৭ নভেম্বর ২০১৯ পাঁচ দিনের প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুড়িগ্রাম সদর উপ জেলা নির্বাহী অফিসার জনাব নিলুফা ইয়াছমিন, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, আলাউদ্দিন আলী নির্বাহী, নির্বাহী পরিচালক, ইউএসএস, অধ্যক্ষ সারোয়ার মানিক, সভাপতি জেলা ককাস, নীলফামারী, আলোচনায় অংশগ্রহণ করেন, দৈনিক কুড়িগ্রাম খবর এর সম্পাদক এস এম সানা লাল বকসী, কুড়িগ্রাম আলীয়া মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা নূর বক্ত, আলোচনা সভায় সভাপতিত্ব করেন, এস এম সামিউল হক (নান্টু) সভাপতি জেলা ককাস, আলোচনা শেষে অংশগ্রহণকারী সাংবাদিকদের মাঝে সাটিফিকেট প্রদান করা হয়।



- ২৮ নভেম্বর ২০১৯ দ্বিতীয় ব্যচের প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা সমাজসেবা অফিসার, এস এম হাবিবুর রহমান, আলাউদ্দিন আলী নির্বাহী, নির্বাহী পরিচালক, ইউএসএস, অধ্যক্ষ সারোয়ার মানিক, সভাপতি জেলা ককাস, নীলফামারী, আলোচনায় অংশগ্রহণ করেন, দৈনিক কুড়িগ্রাম খবর এর সম্পাদক এস এম সানা লাল বকসী, বাহের দেশ পত্রিকার সম্পাদক ও প্রকাশক শফিকুল ইসলাম বেবু, উদ্বোধনী আলোচনা সভায় সভাপতিত্ব করেন, এস এম সামিউল হক (নান্টু) সভাপতি জেলা ককাস কুড়িগ্রাম, ২ ডিসেম্বর ২০১৯ পাঁচ দিনের প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোছাঃ জিলুফা সুলতানা, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, এ্যাডভোকেট আহসান হাবিব নিলু, সভাপতি কুড়িগ্রাম প্রেসক্লাব। দৈনিক কুড়িগ্রাম খবর এর সম্পাদক এস এম সানা লাল বকসী। কুড়িগ্রাম আলীয়া মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা নূর বক্ত। লালমনিরহাট জেলা ককাস সম্পাদক, নিশীকান্ত রায়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন, এস এম সামিউল হক (নান্টু) সভাপতি জেলা ককাস, আলোচনা শেষে অংশগ্রহণকারী সাংবাদিকদের মাঝে সাটিফিকেট প্রদান করা হয়।

- মিডিয়া গেটকিপার/স্থানীয় সম্পাদকের নিয়ে “নিরাপত্তা: ঝুঁকি চিহ্নিতকরণ, নিরাপত্তা পরিকল্পনা প্রণয়ন ও দায়মুক্তি” বিষয়ক ২ দিনের কর্মশালা ৩ ডিসেম্বর’১৯ সকাল ১০টায় কুড়িগ্রাম জেলা পরিষদ হলরুমে উদ্বোধনী আলোচনার মাধ্যমে শুরু হয়, সময় উপস্থিত ছিলেন জেলা তথ্য অফিসার মোঃ শাজাহান আলী। কর্মশালায় প্রথম দিনে আলোচ্যক হিসেবে উপস্থিত ছিলেন ড. মোঃ মোজাম্মেল হোসেন বকুল (সাজ্জাদ বকুল), সহযোগী অধ্যাপক, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়। এই দুই দিনের কর্মশালা জেলা থেকে প্রকাশিত পত্রিকার সম্পাদক, প্রকাশক ও বার্তাসম্পাদকসহ মোট ১১ জন সম্পাদক অংশগ্রহণ করেন। অংশগ্রহণকারীরা হলেন, দৈনিক কুড়িগ্রাম খবর পত্রিকার সম্পাদক ও প্রকাশক ছানালাল বকসী, দৈনিক চারিদিকে প্রতিদিন পত্রিকার সম্পাদক ও প্রকাশক মোল্লা হারুন উর রশীদ, দৈনিক জাগোবাহে পত্রিকার সম্পাদক ও প্রকাশক রেজাউল করিম রেজা, দৈনিক সকালের কাগজ পত্রিকার সম্পাদক ও পকাশ খন্দকার মাহফুজার রহমান টিউটর, সাপ্তাহিক গণকথা পত্রিকার সম্পাদক ও প্রকাশক শফিকুল ইসলাম সান্টু, সাপ্তাহিক বাহের দেশ পত্রিকার সম্পাদক ও

প্রকাশক শফিকুল ইসলাম বেবু, সাপ্তাহিক কুড়িগ্রাম বার্তা পত্রিকার সম্পাদক ও প্রকাশক এবি সিদ্দিক, সাপ্তাহিক কলমজমিন পত্রিকার সম্পাদক ও প্রকাশক আবু সাঈদ সরকার, সাপ্তাহিক জনপ্রাণ পত্রিকার সম্পাদক ও প্রকাশক সোহেল হোসেন সাওরাত, সাপ্তাহিক ধরলার দেশ পত্রিকার সম্পাদক ও প্রকাশক আমানুর রহমান খোকন, সাপ্তাহিক যুগের খবর পত্রিকার সম্পাদক ও প্রকাশক রুহুল আমিন। প্রশিক্ষণ শেষে ৪ ডিসেম্বর অংশগ্রহণকারীদের মাঝে সনদপত্র বিতরণ করেন, এ্যাডভোকেট আহসান হাবিব নিলু, সভাপতি কুড়িগ্রাম প্রেসক্লাব, নিউজ নেটওয়ার্ক প্রতিনিধি ও রংপুর প্রেস ক্লাব এর সাবেক সভাপতি সদরুল আলম দুলু, কুড়িগ্রাম আলীয়া মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা নূর বক্ত। আলোচনা সভায় সভাপতিত্ব করেন, এস এম সামিউল হক (নান্টু) সভাপতি জেলা ককাস।

- প্রশিক্ষণে সেশন পরিচালনা করেন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগি অধ্যাপক ড. মোহাম্মদ মোজাম্মেল হোসেন বকুল (সাজ্জাদ বকুল) ড. মামনুন আব্দুল কাইয়ুম, রংপুর রোকেয়া বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগি অধ্যাপক ড. নজরুল ইসলাম, এ্যাডভোকেট মনির চৌধুরী, জজকোট, রংপুর, ডেইলী সান পত্রিকার বিজনিজ এডিটর মোঃ জিয়াউর রহমান, নিউজ নেটওয়ার্কের প্রোগ্রাম স্পেশালিশ এ্যাডভোকেট রেজাউল করিম, সম্পাদক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মো. শহীদুজ্জামান এবং ইউএসএস এর নির্বাহী পরিচালক আলাউদ্দিন আলী।

প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের মতামত ও সুপারিশঃ

- কোর্সের মেয়াদ বাড়ানো।
- কোর্সের সঙ্গে দেশী বিদেশী তথ্য ও তথ্য ভিত্তিক ওয়েব সাইডের বিষয় গুলো জানালে ভালো হতো।
- বিজ্ঞান সম্মত ভাবে সমাজের বাধা গুলো অপসারণের বিষয়ে আলোচনা দরকার ছিলো।
- পত্রিকা, মিডিয়া এবং অনলাইন সাংবাদিকদের পৃথক করে প্রশিক্ষণ আয়োজন করলে ভালো হতো এবং বিষয় ভিত্তিক হ্যান্ডনোট প্বেই সরবরাহ করলে আরও ভালো হবে।
- উপজেলা পর্যায়ে এই ধরনের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
- প্রতি ৬ মাস পরপর এ ধরনের প্রশিক্ষণ আয়োজন করা হলে ভালো হয়।
- টেলিভিশন/ মিডিয়ার ক্যামেরা ম্যানদের জন্য প্রশিক্ষণ আয়োজন করা।
- মাঠ পর্যায়ের প্রতিবেদনের জন্য আরও বেশী সময়ের ব্যস্থা রাখা।
- অনুসন্ধানী নিউজ বিষয়ে আরও বেশী আলোচনা করার সুযোগ রাখতে হবে।
- টেলিভিশন সাংবাদিকদের জন্য আলাদা কোর্স আয়োজন করা।
- অনুমোদনহীন প্রতিষ্ঠানের সাংবাদিকদের পরিহার করা উচিত
- প্রশিক্ষণের উদ্দেশ্য খুব ভালো কিন্তু সাংবাদিকদের সুরক্ষা দিতে প্রতিষ্ঠান, রাষ্ট্র ও দাতা সংস্থাদের এগিয়ে আসা প্রয়োজন।
- কোর্সের বিষয় বস্তু খুবই সময় উপযোগী বাস্তবধর্মী।
- খাবার ও ব্যবস্থাপনা ভাল কিন্তু সম্মানী বাড়ানো দরকার।
- অংশগ্রহণকারীদের মনোযোগ আরও বৃদ্ধির জন্য আবাসিক কর্মশালার আয়োজন করা।
- গ্রুপ ভিত্তিক আলোচনার মাধ্যমে প্রতিবেদন তৈরীর সুযোগ রাখা।
- প্রতিদিনের ক্লাসের নোট দিলে ভাল হতো।
- নতুন সাংবাদিকদের জন্য প্রশিক্ষণ আয়োজন করলে ভালো হয়।
- এই কোর্সে অনেক অজানা তথ্য জানতে পারছি।
- ভ্যানু শহরের মধ্যে হলে ভাল হয়।
- এধরনের প্রশিক্ষণ সাংবাদিকদের পেশাগত দক্ষতা বৃদ্ধিসহ, নিরাপত্তার ক্ষেত্রে ঝুঁকি অনেকাংশে হ্রাস পাবে।
- প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের উত্থাপিত সুপারিশসমূহ সরকারসহ সর্বশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে পৌছে দেয়া উচিত।
- জেলার সকল সাংবাদিককে অংশগ্রহণের সুযোগ করে দেয়া।
- প্রশিক্ষণের আলোচনার বিষয় গুলো লিখিত কিংবা পিডিএফ ফাইলে অংশগ্রহণকারীদের সরবরাহ করার ব্যবস্থা রাখা।



কুড়িগ্রামে অধিকার সুরক্ষাকারীদের অংশগ্রহণে “নারী ও মেয়েদের অধিকার এবং আন্তর্জাতিক আইন মান” বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

উদয়াকুর সেবা সংস্থা (ইউএসএস) ও নিউজ নেটওয়ার্ক এর আয়োজনে এবং ইউরোপীয় ইউনিয়নের সহায়তায় কুড়িগ্রামে “নারী ও মেয়েদের অধিকার এবং আন্তর্জাতিক আইন মান” বিষয়ে তিন দিন মেয়াদী প্রশিক্ষণ-কর্মশালার আয়োজন করা হয়। ১ মার্চ ২০২০ কুড়িগ্রাম জেলা পরিষদ সম্মেলন কক্ষে সকাল ১০ টায় প্রথম ব্যাচের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুড়িগ্রাম সদর উপজেলা নির্বাহী অফিসার নিলুফা ইয়াসমিন, ১-১২ মার্চ ২০২০ প্রতি ব্যাচে ২৫ জন করে ৪ ব্যাচে জেলার মোট ১০০ জন মানবাধিকার সুরক্ষাকারী এই প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণের প্রতিটি ব্যাচের উদ্বোধনী ও সমাপ্তি অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুড়িগ্রাম জেলা প্রশাসক মোছাঃ সুলতানা পারভীন। অতিরিক্ত জেলা প্রশাসক মোছাঃ জিলুফা সুলতানা, কুড়িগ্রাম জেলা পরিষদ চেয়ারম্যান জনাব জাফর আলী, সদর উপজেলা চেয়ারম্যান জনাব আমান উদ্দিন আহম্মেদ মঞ্জু, উপ-পরিচালক সমাজ সেবা অধিদপ্তর কুড়িগ্রাম এর উপ-পরিচালক মোঃ রোকনুল ইসলাম, বাংলাদেশ ইসলামী ফাউন্ডেশন এর উপ-পরিচালক, মোঃ মোস্তাফিজুর রহমান, প্রেসক্লাব সভাপতি আহসান হাবীব নীলু, উপজেলা সমাজ সেবা অফিসার এস এস হাবিবুর রহমান, ইউএসএস এর নির্বাহী পরিচালক আলাউদ্দিন আলী, এছাড়াও অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন রংপুর প্রেসক্লাবের সাবেক সভাপতি বীর মুক্তি যোদ্ধা সদরুল আলম দুলা, নিউজ নেটওয়ার্ক এর ফিল্ড কো-অরডিনেটর মাসুমা ইউসুফ। প্রশিক্ষণে স্থানীয় পত্রিকার সম্পাদক ও জাতীয় সংবাদ মাধ্যমে কর্মরত সিনিয়র সাংবাদিক, সিভিল সোসাইটির প্রতিনিধি, নারী সংগঠনের প্রতিনিধি ও ধর্মীয় নেতৃবৃন্দক অংশগ্রহণ করেন। প্রশিক্ষক হিসেবে ছিলেন নারী উদ্যোগ কেন্দ্র ঢাকা এর নির্বাহী পরিচালক মাশহুদা খাতুন শেফালী, এ্যাডভোকেট মুনীর চৌধুরী, সিনিয়র আইনজীবী জজকোট রংপুর, বিশিষ্ট নারী অধিকারকর্মী ডঃ হাসনা হেনা খান ও মুসফিকা রাজ্জাক প্রশিক্ষণ পরিচালনা করেন। বিএইচআরডিএফ এর সভাপতি এ কে এম সামিউল হক নান্টুর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাপনী অনুষ্ঠানে অতিথিগণ অংশগ্রহনকারীদের মাঝে সনদপত্র বিতরণ করেন। বাস্তবায়নাদীন প্রকল্পটি নিউজ নেটওয়ার্ক এবং উদয়াকুর সেবা সংস্থা (ইউএসএস) সম্মিলিতভাবে বাস্তবায়ন করছে।



জেলা ককাস কর্তৃক বাস্তবায়িত কার্যক্রমঃ-

জানুয়ারী ২০১৯ থেকে ডিসেম্বর ২০১৯ হিউম্যান রাইটস ডিফেন্ডার ফোরাম নীলফামারী, যে সকল অভিযোগ গ্রহন ও বাস্তবায়নে সহায়তা করেছে:-					
ঘটনা	সংখ্যা	মিমাংসা	কোর্ট কেইজ	রেফারেল	মন্তব্য
রিফাত হত্যার দ্রুত বিচার দাবীতে	১				জেলা শহরে মানববন্ধন
কিশোরী গঞ্জে ইভটিজিং এর শিকার কিশোরীর অত্নহত্যা।	১		১	০	ন্যায় বিচারের দাবীতে ক্যাম্পেইন ও Fact findings
নির্ধাতিত নারী ও মেয়ে ভিকটিমকে চিকিৎসা সহায়তা প্রদান	১				ইউএসএস এর সহায়তায়
জলঢাকা উপজেলার ধর্ষনের শিকার অন্তসত্তা মেয়ে শিশু (১৪) কে সহায়তা প্রদান।	০১		১	নিকেতন রংপুর	HRDF Fact findings করেছে এবং নিরাপত্তার জন্য সেভ হোমে রাখার ব্যবস্থা করা হয়েছে।
পারিবারিক সহিংসতা	৭			৭	সালিসের মাধ্যমে পারিবারিক সহিংসতা এবং পরিবারের দ্বন্দ্ব আনুষ্ঠানিক বা ঘরোয়াভাবে সমাধান হয়েছে।
নির্ধাতনের শিকার নারীকে আইনী সহায়তা প্রদান	০১	০	১		BHRDF ইউএসএস এর সহায়তায় নিয়েছেন, মামলাটি চলমান
বাল্য বিয়ে বন্ধ রোধ করা হয়েছে	৭৫				নীলফামারী সদর উপজেলা ও জলঢাকা উপজেলায় স্থানীয় যুব সংগঠনের মাধ্যমে ১৬০টি বাল্য বিয়ের ঘটনার তথ্য পাওয়া যায় এর মধ্যে ৭৫ টি বাল্য বিয়ে প্রাথমিক ভাবে বন্ধ করা সম্ভব হয়েছে।

1. BHRDF নীলফামারী জেলা কমিটি, ইসরাত জাহান রিফাত হত্যাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবীতে মানববন্ধ কর্মসূচী পালন করেন।
2. BHRDF নীলফামারী জেলা কমিটির সদস্যদের নেতৃত্বে ও সেপ্টেম্বর জেলা শহরের প্রানকেন্দ্র চৌরঙ্গী মোড়ে নারী ও শিশুর প্রতি নির্যাতন নিপীড়নের বিরুদ্ধে মানব বন্ধন কর্মসূচী পালন করা হয়।
3. কমিটির সদস্যদের নেতৃত্বে ও সহযোগিতায় জেলার সদর উপজেলা, ডোমার ও জলঢাকা উপজেলার বিভিন্ন গ্রামাঞ্চলে নারী পক্ষ পালন উপলক্ষে নারী নির্যাতন ও যৌন হয়রানী বন্ধে র্যালী ও আলোচনা সভার অনুষ্ঠিত হয়েছে।
4. BHRDF নীলফামারী জেলা কমিটি, মাতৃভাষা দিবস, স্বাধিনতা দিবস, বিজয় দিবসে বিভিন্ন কর্মসূচী পালন করেন, যার মাধ্যমে কমিটি এবং দাতা সংস্থা ও বাস্তবায়নকারী সংস্থার পরিচিতি ও কার্যক্রম সম্পর্কে জনগণ জানতে পেরেছেন।
5. ১২-২৪ অক্টোর ২০১৯ জেলায় ৫০ জন সাংবাদিকে খুঁকি চিহ্নিত করণ ও নিরাপত্তা পরিকল্পনা প্রণয়ন বিষয়ক ২ ব্যাচে ৫ দিনের প্রশিক্ষণ প্রদান করা হয়।
6. প্রশিক্ষনের উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে জেলা প্রশাসক পুলিশ সুপার, জেলা তথ্য অফিসার, জেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, গণ্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।

লালমনিরহাট জেলা ককাস এর গৃহিত সিদ্ধান্ত ও বাস্তবায়ন কার্যক্রম- ২০১৯

প্রধান আলোচ্য সূচী	ডিএলসি সভায় উল্লেখ যোগ্য সিদ্ধান্তসমূহ	বাস্তবায়ন অগ্রগতি
➤ প্রকল্পের কার্যক্রম বিলম্বিত হওয়ার কারণ	পর্যালোচনা য় ইউএসএস নির্বাহী পরিচালক সভাকে অবহিত করেন যে দাতা সংস্থা এবং সরকারী দপ্তরের সাথে যোগাযোগ ও সমন্বয়ের ক্ষেত্রে আমাদের কিছুটা দুর্বলতার কারণে এমনটি হয়েছে। চলতি বছরে ৬ মাসের বরাদ্দ রয়েছে কিন্তু সময় আছে ৫ মাস বদি কোন কারণে একটি জরুরী সভা করার প্রয়োজন হলে তা করা যাবে বলে সভায় সিদ্ধান্ত হয়।।	চলমান
➤ সাংবাদিকদের খুঁকি চিহ্নিত করণ ও নিরাপত্তা পরিকল্পনা প্রণয়ন বিষয়ক প্রশিক্ষণ	জেলার প্রকৃত সাংবাদিকদের নাম তালিকা তুলে তুলে এবং প্রতি উপজেলার প্রেস ক্লাবের সভাপতি-সম্পাদকদের প্রশিক্ষণের জন্য তালিকা তুলে তুলে করার সিদ্ধান্ত গৃহিত হয়।	বাস্তবায়ন হয়েছে
➤ প্রশিক্ষণের জন্য অংশগ্রহনকারীর তালিকা চূড়ান্ত করণ।	বর্তমান তালিকা যাচাই বাছাই করে নতুন তালিকা ও গ্রুপ গঠন করার জন্য তিন সদস্যও একটি কমিটি গঠন করা হয়। কমিটি পরবর্তী সভায় তালিকা জমা দিবেন বলে সিদ্ধান্ত হয়।	বাস্তবায়ন হয়েছে
➤ প্রশিক্ষণ ভেনু নির্বাচন	আলোচনা শেষে নতুন জীবন রচি (নজীর) সংস্থার ভেনু প্রশিক্ষণের জন্য মনোনীত করা হয়।	বাস্তবায়ন হয়েছে
➤ প্রশিক্ষনে অতিথি আমন্ত্রণ	জেলা প্রশাসক, পুলিশ সুপার, জেলা পরিষদ চেয়ারম্যান, ও স্থানীয় বিশিষ্ট ব্যাক্তিদের কমিটির সদস্যরা আমন্ত্রণ জানাবেন বলে সিদ্ধান্ত হয়।	বাস্তবায়ন হয়েছে
➤ নিউজ লেটারের জন্য লেখা আহবান।	কমিটির সদস্যরা নিজেরা লেখা জমা দিবেন এবং অন্য সদস্যদের লেখা দেয়ার জন্য উদ্বুদ্ধ করবেন।	চলমান
➤ প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন	প্রশিক্ষণের সার্বিক বিষয় ভাল ছিলো বলে সিদ্ধান্ত হয়, বতে প্রশিক্ষকগণ প্রশিক্ষণটি আরও অংশগ্রহণ মূলক করতে পারলে ভাল হতো বলে সভায় সকলে একমত পোষন করেন।	
➤ মানবাধিকার কর্মীদের সুরক্ষায় আইন প্রণয়নে জনমত তৈরী	মানবাধিকার কর্মীদের সুরক্ষায় আইন প্রণয়নের দাবীতে জনমত তৈরী করা এবং নিউজ নেটওয়ার্ক ও ইউএসএস এর সহযোগিতা নিয়ে কর্মসূচী গ্রহণ করা হবে।	চলমান প্রক্রিয়া
➤ জেলায় কর্মরত অন্যান্য মানবাধিকার সংগঠনের সাথে কাজের সমন্বয় সাধন	সংগঠনের পরিচিতি ও কাজের সমন্বয়ের জন্য জেলায় কর্মরত অন্যান্য মানবাধিকার সংগঠনের সাথে মত বিনিয়ম করা হিউম্যান রাইটস ডিফেন্ডার ফোরামের পরিচিতি তুলে ধরা।	চলমান প্রক্রিয়া
➤ জেলার মানবাধিকার লক্ষণ পরিস্থিতি পর্যবেক্ষণ।	জেলার মানবাধিকার লক্ষণ পরিস্থিতি পর্যবেক্ষণের জন্য সদস্যদের কাছ থেকে তথ্য প্রাপ্তির পাশাপাশি স্থানীয় পত্রিকায় প্রকাশিত সংবাদ সংগ্রহ ও কমিটির পক্ষ থেকে নিয়মিত ফলো-আপ করা।	চলমান প্রক্রিয়া
➤ নারী নির্যাতন ও বাল্য বিয়ে রোধে সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ	নারী পক্ষ ও নারী নির্যাতন প্রতিরোধ দিবস ও মানবাধিকার দিবস পালনের সিদ্ধান্ত গ্রহণ। কমিটির সদস্যরা নিজ নিজ সংগঠন ও প্রতিষ্ঠানের মাধ্যমে কর্মসূচী সমূহ বাস্তবায়নে ভূমিকা রেখেছেন।	

1. লালমনিরহাটের কালীগঞ্জ উপজেলায় তিন শিশুকে অশ্রীলতাহানির অভিযোগে মোবারক হোসেন (৫৭) নামে এক ব্যাক কর্মকর্তার বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। কমিটির সদস্যরা ঘটনাটি নিয়মিত ফলো-আপ করছেন।
2. কমিটির সদস্যদের হস্তক্ষেপে, লালমনিরহাট সদরের সেতু বাজারে বাল্যবিয়ে করতে গিয়ে কনস্টেবল বর ও তার মাসহ ৯ জনের প্রত্যেককে অর্ধদণ্ড দিয়েছে ড্রাম্যমাণ আদালত।
3. প্রশিক্ষনের উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে জেলা প্রশাসক পুলিশ সুপার, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, গণ্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।

কুড়িগ্রাম জেলা ককাস এর গৃহিত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি ২০১৯

প্রধান আলোচ্য সূচী	ডিএলসি সভায় উল্লেখ যোগ্য সিদ্ধান্তসমূহ	বাস্তবায়ন অগ্রগতি
➤ প্রকল্পের কার্যক্রম বিলম্বিত হওয়ার কারণ	পর্যালোচনা য় ইউএসএস নির্বাহী পরিচালক সভাকে অবহিত করেন যে দাতা সংস্থা এবং সরকারী দপ্তরের সাথে যোগাযোগ ও সমন্বয়ের ক্ষেত্রে আমাদের কিছুটা দুর্বলতার কারণে এমনটি হয়েছে। চলতি বছরে ৬ মাসের বরাদ্দ রয়েছে কিন্তু সময় আছে ৫ মাস বদি কোন	চলমান

	কারণে একটি জরুরী সভা করার প্রয়োজন হলে তা করা যাবে বলে সভায় সিদ্ধান্ত হয়।।	
➤ সাংবাদিকদের খুঁকি চিহ্নিত করন ও নিরাপত্তা পরিকল্পনা গ্রনয়ন বিষয়ক প্রশিক্ষণ	বর্তমান তালিকা যাচাই বাছাই করে নতুন তালিকা ও গ্রুপ গঠন করার জন্য তিন সদস্যের একটি কমিটি গঠন করা হয়। প্রয়োজনে প্রেস ক্লাবের সভাপতি ও সম্পাদকের সহায়তা নেয়া যেতে পারে, কমিটি পরবর্তি সভায় তালিকা জমা দিবেন বলে সিদ্ধান্ত হয়।	বাস্তবায়ন হয়েছে
➤ আবেদনকারী ভুক্তভোগী সাংবাদিকের সহায়তা প্রদান	আবেদনকারীর আবেদনে কমিটি সুপারিশ করে আইনী সহায়তা প্রদানের পাঠানো হয়েছিল কিন্তু কোন সহায়তা পাওয়া যায় নাই। পূর্ণরায় কমিটির পক্ষ থেকে আবেদনের সিদ্ধান্ত হয়।	আবেদনটি কেন্দ্রীয় ককাস কমিটিতে আলোচনা করেছেন।
➤ প্রশিক্ষনার্থীর তালিকা চূড়ান্ত করন।	তালিকা চূড়ান্ত হয়েছে, দুইটি গ্রুপ গঠনের জন্য সদস্য সানালাল বকসী ও শাফিকুল ইসলাম বেবু কে দায়িত্ব প্রদান করেন।	বাস্তবায়ন হয়েছে
➤ প্রশিক্ষণ ভেন্যু নির্বাচন	আলোচনা শেষে জেলা পরিষদ হলরুম ও গেস্ট রুম প্রশিক্ষণের জন্য মনোনীত করা হয়। দায়িত্ব দেয়া হয় কমিটির ক্যাশিয়ার রবিন্দ্রনাথ বোসকে।	বাস্তবায়ন হয়েছে
➤ প্রশিক্ষনে অতিথি আমন্ত্রন	জেলা প্রশাসক, পুলিশ সুপার, জেলা পরিষদ চেয়ারম্যান, ও উপজেলা নির্বাহী অফিসার এবয় স্থানীয় প্রশাসনের কর্মকর্তাদের কমিটির সদস্যরা আমন্ত্রণ জানাবেন বলে সিদ্ধান্ত হয়। উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে ডিএলসি সদস্যরা উপস্থিত থাকবেন।	বাস্তবায়ন হয়েছে
➤ জেলায় কর্মরত অন্যান্য মানবাধিকার সংগঠনের সাথে কাজের সমন্বয় সাধন	সংগঠনের পরিচিতি ও কাজের সমন্বয়ের জন্য জেলায় কর্মরত অন্যান্য মানবাধিকার সংগঠনের সাথে মত বিনিয়ম করা হিউম্যান রাইটস ডিফেন্ডার ফোরামের পরিচিতি তুলে ধরা।	চলমান প্রক্রিয়া
➤ জেলার মানবাধিকার লঙ্ঘন পরিস্থিতি পর্যবেক্ষন।	জেলার মানবাধিকার লঙ্ঘন পরিস্থিতি পর্যবেক্ষনের জন্য সদস্যদেও কাছ থেকে তথ্য প্রাপ্তির পাশাপাশি স্থানীয় প্রতিকায় প্রকাশিত সংবাদ সংগ্রহ ও কমিটির পক্ষ থেকে ফলো-আপ করা।	চলমান প্রক্রিয়া
➤ নিউজ লেটারের জন্য লেখা আহবান।	কমিটির সদস্যরা নিজেরা লেখা জমা দিবেন এবং অন্য সদস্যদের লেখা দেয়ার জন্য উদ্বুদ্ধ করবেন। ৩০ নভেম্বরের মধ্যে লেখা জমা দেয়া অথবা ই-মেইলে পাঠানোর জন্য সিদ্ধান্ত হয়।	চলমান
➤ নারী নির্ধাতন ও বাল্য বিয়ে রোধে সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ	নারী পক্ষ ও নারী নির্ধাতন প্রতিরোধ দিবস ও মানবাধিকার দিবস পালনের সিদ্ধান্ত গ্রহণ। কমিটির সদস্যরা নিজ নিজ সংগঠন ও প্রতিষ্ঠানের মাধ্যমে কর্মসূচী সমূহ বাস্তবায়নে ভূমিকা রেখেছেন।	চলমান
➤ মানবাধিকার কর্মীদের সুরক্ষায় আইন প্রণয়নে জনমত তৈরী	মানবাধিকার কর্মীদের সুরক্ষায় আইন প্রণয়নের দাবীতে জনমত তৈরী করা এবং নিউজ নেটওয়ার্ক ও ইউএসএস এর সহযোগিতা নিয়ে কর্মসূচী গ্রহণ করা হবে।	চলমান প্রক্রিয়া

সুপারিশ:

১. জরুরী অবস্থায় মানবাধিকার লঙ্ঘনের ঘটনার সত্যতা যাচাইয়ে ও Fact findings এর জন্য বাজেট বরাদ্দ রাখা প্রয়োজন।
২. ২৮ সদস্য বিশিষ্ট কমিটির সদস্যগণকে নিয়ে কমপক্ষে ০৩ মাস অন্তর একটি করে সভার আয়োজন করা।
৩. মানবাধিকার লঙ্ঘনের ঘটনায় Fact findings এর জন্য থোক বরাদ্দ রাখা।
৪. দিবস উদযাপনের জন্য বাজেট বরাদ্দ (নারী নির্ধাতন প্রতিবাদ পক্ষ, আন্তর্জাতিক মানবাধিকার দিবস)

নীলফামারীতে রাফির হত্যাকারীদের শাস্তির দাবিতে মানববন্ধন

ফেনীর সোনাগাজী সিনিয়র ফাজিল মাদ্রাসার ছাত্রী “নুসরাত জাহান রাফি”কে আশুনে পুড়িয়ে হত্যাকারীদের দ্রুত বিচার ও ফাঁসির দাবীসহ নারীর প্রতি সকল প্রকার সহিংসতা ও নির্ধাতন বন্ধে নীলফামারীতে মানববন্ধন করেছে।

বুধবার ১৭ এপ্রিল ২০১৯ বেলা ১১ টায় শহরের স্বাধীনতা অল্লাপ স্মৃতি স্তম্ভ পাদদেশে জেলা নারী যোগাযোগ কেন্দ্র ও বাংলাদেশ হিউম্যান রাইটস ডিফেন্ডার ফোরাম (BHRDF) নীলফামারী জেলা শাখা আয়োজিত ঘণ্টাব্যাপী এ মানববন্ধনে জেলা যুব মহিলা লীগ, জেলা যুব নেটওয়ার্ক, নীলাচল দৃশ্য মহিলা কল্যাণ সমিতি, থানাপাড়া নারী মিলন কেন্দ্র ছাড়াও কয়েকটি সংগঠন, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও বিভিন্ন শ্রেণিপেশার পাঁচ শতাধিক মানুষ অংশ নেন।

মানববন্ধন চলাকালে নারী যোগাযোগ কেন্দ্রের আহবায়ক ও বাংলাদেশ হিউম্যান রাইটস ডিফেন্ডারস ফোরাম নীলফামারী জেলা শাখার কার্যনির্বাহী সদস্য ফরিদা খানমের সভাপতিত্বে সদর উপজেলা পরিষদের নারী ভাইস-চেয়ারম্যান শান্তনা চক্রবর্তী, জেলা যুবলীগের সাধারণ সম্পাদক শাহিদ মাহমুদ, জেলা যুব মহিলা লীগের সভাপতি আরিফা সুলতানা লাভলী, জেলা হিউম্যান রাইটস ডিফেন্ডারস ফোরামের সভাপতি অধ্যাপক সরওয়ার মানিক, সম্মিলিত সাংস্কৃতির জেটের আহবায়ক আহসান রহীম মঞ্জিল, রবীন্দ্র সম্মিলণ পরিষদের সাবেক সাধারণ সম্পাদক কামরুল আলম শাহ মুকুল, জেলা ছাত্রলীগের সভাপতি মনিরুল হাসান শাহ আপেল, জেলা পরিষদের সংরক্ষিত সদস্য ইসরাত জাহান পল্লবী ও সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের ছাত্রী মিতুসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।





বজ্রা বলেন, রাফি হত্যার মূল হোতা সিরাজ উদ্দৌলাসহ জড়িত সবার দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে হবে, যাবে ভবিষ্যতে এরকম অপরাধ করার সাহস কেউ না পায়। এ পৃথিবীর মায়ামমতায় সবার ভালবাসায় সুন্দর একটি জীবন নিয়ে বাঁচতে চেয়েছিল “নুসরাত জাহান রাফি” মায়ের বুকফাটা আহাজারী, বাবার আর্তনাদ, ভাইয়ের ভালবাসা কোন মায়ার বন্ধনেই প্রতিবাদী রাফিকে ধরে রাখতে পারল না। নিষ্ঠুরতার বিষবাস্পে পুড়ে বিদায় নিলো সে। লাম্পটের শিকার হতে চায়নি বলে শিক্ষক নামের কলঙ্ক সিবাজ-উদদৌলা’র সহযোগী মানুষরূপী পিশাচরা কেরোসিন ঢেলে আগুনে ঝলসে দিয়েছিল নুসরাতের পুরো শরীর। এইসময়ে লালমনিরহাটের পাটখামের গৃহবধু রোজিনা বেগমের গায়ে কেরোসিন ঢেলে আগুনে পুড়িয়ে মেরেছে স্বামী আব্দুলগ্যাহ।

এ পৃথিবীর মায়ামমতায় সবার ভালবাসায় সুন্দর একটি জীবন নিয়ে বাঁচতে চেয়েছিল রাফি-রোজিনা, তাদের মৃত্যুর খবরে বিবেকবান মানুষদের হৃদয়ে ক্ষত সৃষ্টি হয়েছে রাফি-রোজিনা কি ন্যায় বিচার পাবে? মুখোশের আড়ালের

সমাজের হায়েনাদের কি বিচার হবে? আমরা আমরা বিচার চাই!

তনু,তমা, পারুলেরমত নুসরাত-রোজিনাও পাড়ি দিল পরপারে, আর কত নারীবলীর ঘটনা ঘটলে মানুষরূপী দানব গুলো নির্মূল হবে। প্রতিবাদী নুসরাত হারমানেননি অন্যায় অসভ্যতা ও নারী নির্যাতনের প্রতিবাদে রুখে দাড়াবার বার্তা দিয়েগেছেন জাতিকে। নারীদের পথ দেখিয়েছেন মাথা উঁচু করে প্রতিবাদ করার।

বাংলাদেশ হিউম্যান রাইটস ডিফেন্ডারস ফোরাম (BHRDF) নীলফামারী জেলা কমিটি সদস্যদের উদ্যোগে জেলায় মাতৃভাষা দিবস, স্বাধীনতা দিবস, বিজয় দিবসে বিভিন্ন কর্মসূচী পালন করেন, যার মাধ্যমে কমিটি এবং দাতা সংস্থা ও বাস্তবায়নকারী সংস্থার পরিচিতি ও কার্যক্রম সম্পর্কে জনগণ জানতে পেরেছেন। কমিটির সদস্যগণ জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের সাথে যুক্ত রয়েছেন, সেই সকল অবস্থান থেকে নারী ও বালিকাদের সুরক্ষাসহ মানবাধিকার রক্ষায় বিভিন্ন কর্মসূচী পালন করেছেন।

